

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১০৫

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

بَابُ مَا يَحِلُّ أَكْلُهُ وَمَا يَحْرُمُ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ كُلِّ ذِي نَابٍ مِنَ السِّبَاعِ
وَكُلِّ ذِي مِخْلَبٍ مِنَ الطَّيْرِ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪১০৫-[২] 'আবদুল্লাহ ইবনু 'আবৰাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে কোন তীক্ষ্ণ দাঁতবিশিষ্ট হিংস্র জানোয়ার এবং ধারালো পাঞ্জাবিশিষ্ট পাখি খেতে নিষেধ করেছেন। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : সহীহ মুসলিম (১৯৩৪)-১৬, সহীহ ইবনু হিকান ৫২৮০, নাসায়ী ৪৩৪৮, ইবনু মাজাহ ৩২৩৪, দারিমী ১৯৮২, আবু দাউদ ৩৮০৫, ৩৮০৩, ৩৮০৮; আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১২৮১৯, আস্স সুনানুল কুবরা লিল বাযহাকী ১৯৮৪০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মৃত দুর্গন্ধিযুক্ত প্রাণীর গোশত খাওয়া নিষিদ্ধ, এটা দ্বারা হারাম উদ্দেশ্য নয়। তবে ক্ষতির আশংকা প্রকট থাকলে তা হারাম হতে পারে। আমাদের কতিপয় 'উলামা বলেন, মৃত প্রাণীর দুর্গন্ধিযুক্ত গোশত খাওয়া সর্বাবস্থায় হারাম। তবে এ মতটি দুর্বল। (শারহুন নাবাবী ১৩শ খন্দ, হাঃ ১৯৩৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁচনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবৰাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74828>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন